# চুয়েট, কুয়েট ও রুয়েট এর স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
## সমন্বিত ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

**১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা :**

| ক্রমিক নং | বিশ্ববিদ্যালয়ের নাম | আসন সংখ্যা | সংরক্ষিত আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) | ৮৯০ | ১১ | ৯০১ |
| ২. | খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) | ১০৬০ | ০৫ | ১০৬৫ |
| ৩. | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | ১২৩০ | ০৫ | ১২৩৫ |
| | **সর্বমোট** | ৩১৮০ | ২১ | ৩২০১ |

- বিভাগ ওয়ারী বিস্তারিত আসন সংখ্যা ভর্তির নির্দেশিকা হতে জানা যাবে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা :**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) প্রার্থীকে ২০২০ইং সালে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৯ইং সালের সেপ্টেম্বর থেকে ২০২০ইং সালের আগস্ট এর মধ্যে GCE ‘A’ লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

(গ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীকে ২০১৭ইং অথবা ২০১৮ইং সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেতে হতে হবে।

(ঘ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে গ্রেড পয়েন্ট ৫.০০ পেতে হবে অর্থাৎ গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে মোট গ্রেড পয়েন্ট ২০.০০ পেতে হবে। ইংরেজী ভার্সন/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০০ পেতে হবে।

(ঙ) প্রার্থী GCE ‘O’ এবং GCE ‘A’ লেভেল পাশ করে থাকলে, তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE ‘O’ লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে আলাদাভাবে ‘A’ গ্রেড পেতে হবে। GCE ‘A’ লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে ‘A’ গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE ‘A’ লেভেল পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে ‘B’ গ্রেড পেতে হবে।

(চ) প্রার্থীকে কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২০ইং সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৮০% বা সমমানের গ্রেড পেতে হবে। প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% বা সমমানের গ্রেড পেতে হবে।

(ছ) যোগ্য আবেদনকারীর মধ্য হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী বিষয়ের মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম ৩০,০০০ (ত্রিশ হাজার) প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

(জ) ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে GCE ‘O’ লেভেল ও GCE ‘A’ লেভেল এবং সংরক্ষিত আসনের জন্য সকল আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

**৩। আবেদন করার পদ্ধতি :**

চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম পূরণ ও নিম্নবর্ণিত ছক অনুযায়ী ভর্তি পরীক্ষার ফি প্রদান করে অনলাইনে Submit করতে হবে।

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ সহ) |
|---|---|---|
| ‘ক’ | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ৯০০/- (নয়শত) টাকা |
| ‘খ’ | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ১০০০/- (এক হাজার) টাকা |

**৪। ভর্তি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট তারিখ সমূহ :**

| | | | |
|---|---|---|---|
| (ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু | ২৪ এপ্রিল ২০২১ইং সকাল ০৯:০০ টা থেকে | | |
| (খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ | ৮ মে ২০২১ইং বিকাল ০৫:০০ টা পর্যন্ত | | |
| (গ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্র সহ নামের তালিকা প্রকাশ | ২ জুন ২০২১ইং | | |
| (ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় (গ্রুপ ‘ক’ এবং গ্রুপ ‘খ’ এর জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের উপর Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে এবং গ্রুপ ‘খ’ এর স্থাপত্য বিভাগের জন্য মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।) | **গ্রুপ** | **মোট নম্বর** | **তারিখ ও সময়** |
| | ‘ক’ | ৫০০ | ১২ জুন ২০২১ ইং (শনিবার) সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত |
| | ‘খ’ | ৭০০ | ১২ জুন ২০২১ ইং (শনিবার) সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:৪৫ ঘটিকা পর্যন্ত |
| (ঙ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাস্থান অনুযায়ী মেধাতালিকা প্রকাশ, বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ প্রকাশ | ৩০ জুন ২০২১ইং | | |
| (চ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন, ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) জানানো হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না। | | | |

**বিশেষ দ্রষ্টব্য :**

- ৮ মে ২০২১ইং, শনিবার বিকাল ৫.০০ টায় অনলাইনে আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। এরপর অনলাইনে আর কোন আবেদনপত্র Submit করা যাবে না।
- MCQ পরীক্ষায় ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে সংশ্লিষ্ট প্রশ্নসমূহের জন্য বরাদ্দ নম্বরের ২৫% কাটা হবে।
- OMR Sheet এ শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। বৃত্ত ভরাটের জন্য পেন্সিল, জেল পেন বা ফাউন্টেন পেন ব্যবহার করা যাবে না। মুক্তহস্ত অংকনের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে।
- বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতির প্রেক্ষিতে ৪নং অনুচ্ছেদের ছকে বর্ণিত তারিখ ও সময়সূচীর পরিবর্তন হতে পারে। এ বিষয়ে সংশোধনী অথবা প্রয়োজনীয় তথ্যাদি সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রকাশ করা হবে।

**ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলী :**

সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) ভর্তি বিজ্ঞপ্তি, ভর্তি নির্দেশিকা এবং ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে।

**(অধ্যাপক ড. মোঃ রবিউল আলম)**
**সভাপতি**
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা

**(অধ্যাপক ড. মোঃ মইনুল ইসলাম)**
**সদস্য-সচিব**
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা

# চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা

Website: https://admissionckruet.ac.bd

# ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষঃ ২০২০-২১)

# Admission Test (Session: 2020-21)

# স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ এ ভর্তি নির্দেশিকা

# -: ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ এ ভর্তি বিষয়ক তথ্যাবলী :-

**১। উপক্রমনিকা:**

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) এর বি এসসি ইঞ্জিনিয়ারিং, বি ইউ আর পি এবং বি আর্ক কোর্সে বিভিন্ন বিভাগে নির্ধারিত আসনে ২০২০-২১ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য সমন্বিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে আগামী ১২ জুন ২০২১ইং তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় তিনটি কেন্দ্রে (চুয়েট, কুয়েট ও রুয়েট) একই সময়ে ও একই প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী এই চার বিষয়ে প্রাপ্ত মোট নম্বর এবং প্রার্থীর পছন্দক্রম অনুসারে পরীক্ষার কেন্দ্র নির্ধারিত হবে। অনুরূপভাবে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মেধাস্থান এবং প্রার্থীর পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারিত হবে। ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হবে।

**২। আসন সংখ্যা:**

তিনটি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট, কুয়েট এবং রুয়েট) বিভিন্ন অনুষদের অধীনে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪ (চার) বছর মেয়াদী এবং স্থাপত্য বিভাগে ৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক কোর্সে ডিগ্রী প্রদান করা হয় যার আসন সংখ্যা নিচে দেওয়া হলো।

**চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)**

| Sl. No. | Name of the Department | Code of the Department | No. of Seats |
|---|---|---|---|
| 1. | Architecture | ARCH | 30 |
| 2. | Biomedical Engineering | BME | 30 |
| 3. | Civil Engineering | CE | 130 |
| 4. | Computer Science and Engineering | CSE | 130 |
| 5. | Electrical and Electronic Engineering | EEE | 180 |
| 6. | Electronics and Telecommunication Engineering | ETE | 60 |
| 7. | Materials Science and Engineering | MSE | 30 |
| 8. | Mechanical Engineering | ME | 180 |
| 9. | Mechatronics and Industrial Engineering | MIE | 30 |
| 10. | Petroleum and Mining Engineering | PME | 30 |
| 11. | Urban and Regional Planning | URP | 30 |
| 12. | Water Resources Engineering | WRE | 30 |
| | | **Total No. of Seats :** | **890** |

- সর্বমোট ৮৯০টি আসন। এ ছাড়াও রাখাইন সম্প্রদায়ের জন্য ০১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য ১০টি সহ অতিরিক্ত ১১টি আসন সংরক্ষিত আছে।

**খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট)**

| Sl. No. | Name of the Department | Code of the Department | No. of Seats |
|---|---|---|---|
| 1. | Architecture | ARCH | 40 |
| 2. | Building Engineering and Construction Management | BECM | 60 |
| 3. | Biomedical Engineering | BME | 30 |
| 4. | Chemical Engineering | CHE | 30 |
| 5. | Civil Engineering | CE | 120 |
| 6. | Computer Science and Engineering | CSE | 120 |
| 7. | Electrical and Electronic Engineering | EEE | 120 |
| 8. | Electronics and Communication Engineering | ECE | 60 |
| 9. | Energy Science and Engineering | ESE | 30 |
| 10. | Industrial Engineering and Management | IEM | 60 |
| 11. | Leather Engineering | LE | 60 |
| 12. | Materials Science and Engineering | MSE | 60 |
| 13. | Mechanical Engineering | ME | 120 |
| 14. | Mechatronics Engineering | MTE | 30 |
| 15. | Textile Engineering | TE | 60 |
| 16. | Urban and Regional Planning | URP | 60 |
| | | **Total No. of Seats :** | **1060** |

- সর্বমোট ১০৬০টি আসন। এ ছাড়াও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীদের এবং চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য ৫টি অতিরিক্ত আসন সংরক্ষিত আছে। (বান্দরবন জেলা = ০১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী = ০৪টি)।
- Industrial Engineering and Management বিভাগ হতে Industrial and Production Engineering ডিগ্রী প্রদান করা হয়।

| রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | | | |
|---|---|---|---|
| **Sl. No.** | **Name of the Department** | **Code of the Department** | **No. of Seats** |
| 1. | Architecture | ARCH | 30 |
| 2. | Building Engineering and Construction Management | BECM | 30 |
| 3. | Chemical and Food Process Engineering | CFPE | 30 |
| 4. | Civil Engineering | CE | 180 |
| 5. | Computer Science and Engineering | CSE | 180 |
| 6. | Electrical and Electronic Engineering | EEE | 180 |
| 7. | Electrical and Computer Engineering | ECE | 60 |
| 8. | Electronics and Telecommunication Engineering | ETE | 60 |
| 9. | Glass and Ceramic Engineering | GCE | 60 |
| 10. | Industrial and Production Engineering | IPE | 60 |
| 11. | Mechanical Engineering | ME | 180 |
| 12. | Materials Science and Engineering | MSE | 60 |
| 13. | Mechatronics Engineering | MTE | 60 |
| 14. | Urban and Regional Planning | URP | 60 |
| | | **Total No. of Seats :** | **1230** |

- সর্বমোট ১২৩০টি আসন। এ ছাড়াও চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এবং বান্দরবন জেলার প্রার্থীদের জন্য ৫টি অতিরিক্ত আসন সংরক্ষিত আছে। (বান্দরবন জেলা = ০১টি, পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী = ০৪টি)।

**৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা:**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) প্রার্থীকে ২০২০ইং সালে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৯ইং সালের সেপ্টেম্বর থেকে ২০২০ইং সালের আগস্ট এর মধ্যে GCE ‘A’ লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

(গ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীকে ২০১৭ইং অথবা ২০১৮ইং সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেতে হতে হবে।

(ঘ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে গ্রেড পয়েন্ট ৫.০০ পেতে হবে অর্থাৎ গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে মোট গ্রেড পয়েন্ট ২০.০০ পেতে হবে। ইংরেজী ভার্সন/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০০ পেতে হবে।

(ঙ) প্রার্থী GCE ‘O’ এবং GCE ‘A’ লেভেল পাশ করে থাকলে, তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE ‘O’ লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে আলাদাভাবে ‘A’ গ্রেড পেতে হবে। GCE ‘A’ লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে ‘A’ গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE ‘A’ লেভেল পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে ‘B’ গ্রেড পেতে হবে।

(চ) প্রার্থীকে কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২০ইং সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৮০% বা সমমানের গ্রেড পেতে হবে। প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% বা সমমানের গ্রেড পেতে হবে।

**৪। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী:**

(ক) নিম্নলিখিত দু’টি গ্রুপ (“ক” ও “খ”) এর ভর্তি পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে।

গ্রুপ “ক” : ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ।

গ্রুপ “খ” : ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ।

(খ) ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী নিম্নরূপ:

| বিভাগ | বিষয় | পাঠ্যসূচী |
|---|---|---|
| গ্রুপ “ক” :<br>ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | গণিত | ২০২০ইং সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য যে পাঠ্যসূচী নির্ধারিত ছিল |
| | পদার্থবিজ্ঞান | |
| | রসায়ন | |
| | ইংরেজী | |

<table>
<tr><td rowspan="5">গ্রুপ “খ” :<br>ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ</td><td>গণিত</td><td rowspan="4">২০২০ইং সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য যে পাঠ্যসূচী নির্ধারিত ছিল</td></tr>
<tr><td>পদার্থবিজ্ঞান</td></tr>
<tr><td>রসায়ন</td></tr>
<tr><td>ইংরেজী</td></tr>
<tr><td colspan="2">মুক্তহস্ত অংকন (Free-hand Drawing) শুধুমাত্র স্থাপত্য বিভাগে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য।</td></tr>
</table>

(গ) “ক” গ্রুপের জন্য মোট ৫০০ নম্বরের MCQ ভর্তি পরীক্ষা এবং “খ” গ্রুপের জন্য ৫০০ নম্বরের MCQ এবং ২০০ নম্বরের মুক্তহস্ত অংকন অর্থাৎ মোট ৭০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয়, প্রশ্নের সংখ্যা এবং বিষয়সমূহের পূর্ণমান নিম্নবর্ণিত ছকে দেয়া হলো:

| গ্রুপ “ক” | | | গ্রুপ “খ” | | |
|---|---|---|---|---|---|
| **বিষয়** | **প্রশ্ন সংখ্যা** | **নম্বর** | **বিষয়** | **প্রশ্ন সংখ্যা** | **নম্বর** |
| গণিত | ২৫ | ১৫০ | গণিত | ২৫ | ১৫০ |
| পদার্থবিজ্ঞান | ২৫ | ১৫০ | পদার্থবিজ্ঞান | ২৫ | ১৫০ |
| রসায়ন | ২৫ | ১৫০ | রসায়ন | ২৫ | ১৫০ |
| ইংরেজী | ২৫ | ৫০ | ইংরেজী | ২৫ | ৫০ |
| **মোট নম্বর =** | | **৫০০** | **মুক্তহস্ত অংকন** | ৪ | ২০০ |
| | | | **মোট নম্বর =** | | **৭০০** |

**৫। ভর্তির ন্যূনতম যোগ্যতা:**

(ক) শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে ভর্তিযোগ্য প্রার্থীর মেধাস্থান নির্ধারণ করা হবে। প্রার্থীদের মেধাস্থান অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য একটি মেধাতালিকা এবং স্থাপত্য বিভাগের জন্য পৃথক একটি মেধাতালিকা প্রকাশ করা হবে।

(খ) একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই মোট নম্বর পেলে সে ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজীতে প্রাপ্ত নম্বরের এবং স্থাপত্য বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে মুক্তহস্ত অংকন, গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজীতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে।

(গ) সংরক্ষিত আসনে ভর্তির জন্য ভর্তিযোগ্য প্রার্থীদের আলাদা মেধাতালিকা প্রকাশ করা হবে। তবে প্রতি বিভাগে মেধাস্থান ও পছন্দ ক্রমানুসারে চুয়েটে সর্বাধিক ২ (দুই) জন এবং কুয়েট ও রুয়েটে ১ (এক) জনকে ভর্তি করা হবে।

**৬। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের নিয়মাবলী (দেশের শিক্ষাবোর্ড থেকে পাশকৃতদের জন্য):**


ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত আবেদন ফি Debit/Credit Card, Mobile Banking অথবা Internet Banking এর মাধ্যমে প্রদান পূর্বক ভর্তির আবেদন ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করতে হবে।

**আবেদনের জন্য নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করতে হবে:**


প্রথমে https://admissionckruet.ac.bd এ প্রবেশ করতে হবে।



**Step - 1:** SSC এবং HSC এর Board/Institute, Passing Year, Roll No. এবং Registration No. পূরণের পর Next বাটনে click করতে হবে।





**Step - 2:** আবেদনকারীকে Group Selection এবং পরীক্ষার কেন্দ্র নির্ধারনের জন্য পছন্দক্রম দিয়ে Next বাটনে click করতে হবে।




**Step - 3:** আবেদনকারীকে Mobile No., Email, Postal Address এবং Quota (সংরক্ষিত আসন সংক্রান্ত তথ্য) পূরণের পর Next বাটনে click করতে হবে।




**Step - 4:** সকল তথ্য সঠিক থাকলে Next বাটনে click করে আবেদন ফি পরিশোধের Page - এ যেতে হবে। প্রয়োজনে Edit Information এ click করে তথ্য Edit করা যাবে।





- আবেদনকারীকে চিত্রে প্রদর্শিত পদ্ধতিতে Debit/Credit Card, Mobile Banking অথবা Internet Banking এর মাধ্যমে নিম্নবর্ণিত ছক অনুযায়ী নির্ধারিত আবেদন ফি পরিশোধ করতে হবে।


| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ সহ) |
|---|---|---|
| "ক" | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ৯০০/- (নয়শত) টাকা |
| "খ" | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ১০০০/- (এক হাজার) টাকা |




**Step - 5:** নির্দেশনা মতে, আবেদনকারীর সদ্যতোলা (অনধিক ৩ মাস) রঙ্গিন ছবি এবং স্বাক্ষর Upload করার পর Submit & Print বাটনে click করতে হবে।




- সফলভাবে আবেদন সম্পন্ন হলে Web Browser এ **"You have successfully completed online application"** দেখা যাবে।





- আবেদন প্রক্রিয়া সম্পূর্ন হওয়ার পরে Download Application Information এ click করতে হবে। নিম্নোক্ত Page টি ডাউনলোড করে সংরক্ষণ করতে হবে।



ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর প্রবেশপত্র (**Admit Card**) পাওয়া যাবে।

**প্রবেশপত্র (Admit Card) সংগ্রহ:**

- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশের পর যোগ্য আবেদনকারীকে https://admissionckruet.ac.bd ওয়েবসাইটে গিয়ে "Admit Card" মেনুতে click করতে হবে।




- Application ID ও HSC Registration No. দিয়ে Submit button এ click করলে ভর্তি পরীক্ষার **Admit Card** এর PDF version টি প্রদর্শিত হবে। উক্ত **Admit Card** টি A4 সাইজের সাদা কাগজে রঙিন প্রিন্ট নিতে হবে। **প্রবেশপত্র (Admit Card) ব্যতীত কোন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

**দ্রষ্টব্য :**

i. অনলাইন পদ্ধতিতে আবেদনের সময় বিশেষ সর্তকতা অবলম্বন এবং নির্দেশনাসমূহ ভালোভাবে অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হল।
ii. অনলাইন পদ্ধতিতে আবেদন প্রক্রিয়া সম্পাদন করার পর আর কোন ধরনের পরিবর্তন করা যাবে না।
iii. নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যে কোন সময় অনলাইন পদ্ধতিতে আবেদন করা যাবে।
iv. অনলাইনে আবেদন ফি পরিশোধ অথবা আবেদন সংক্রান্ত সমস্যার জন্য নিম্নলিখিত মোবাইল নম্বরসমূহে (সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা) এবং admission2021@cuet.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।

| | |
|---|---|
| **আবেদন ফি পরিশোধ সংক্রান্ত সমস্যা:** | +৮৮০ ৯৬১ ২২২ ৬৯৬৯ (SSL Helpline) |
| **অনলাইনে আবেদন সংক্রান্ত সমস্যা:** | ০১৭৫৯১২৩১৪৮ (চুয়েট), ০১৮৬৪১২৩০১২ (চুয়েট), ০১৫৮০৭৫৫৮০৫ (চুয়েট), ০১৭৫৯১২৩১০৩ (চুয়েট), ০১৭৯৯২৭৩৬৫৫ (কুয়েট), ০১৪০১৮৪৫১২৭ (রুয়েট)। |

৭। **বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা অথবা GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পাশ করা ছাত্র-ছাত্রীরা অনলাইন এর মাধ্যমে আবেদন করতে পারবে।** তবে আবেদনকারীকে সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) নির্দেশিত পদ্ধতিতে নির্ধারিত আবেদন ফি পরিশোধ করে এবং নিম্নলিখিত ডকুমেন্টসমূহ আপলোড করে আবেদন করতে হবে।

i. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীটের Scanned কপি।
ii. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীটের Scanned কপি।

৮। সকল পরীক্ষার্থী সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissionckruet.ac.bd) হতে স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ এ ভর্তি নির্দেশিকা ২০২০-২১ ডাউনলোড করে নিতে পারবে। ভর্তি নির্দেশিকায় উল্লেখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে উপরে উল্লেখিত মোবাইল নম্বরসমূহে এবং ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৯। **ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থী নির্ধারন:**

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী এই চার বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে একটি মেধাতালিকা তৈরী করা হবে। এই মেধাতালিকা হতে প্রথম ৩০,০০০ (ত্রিশ হাজার) যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে, ৩০,০০০ (ত্রিশ হাজার) তম স্থানে একাধিক প্রার্থী থাকলে ক্রমানুসারে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজি বিষয়ে HSC তে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে HSC তে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে একই নম্বর প্রাপ্ত ৩০,০০০ (ত্রিশ হাজার) তম স্থানের সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য যে, আবেদনকারীদের মধ্যে যারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য বলে বিবেচিত হবে না তাদেরকে (ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমের মাধ্যমে) নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন সাপেক্ষে প্রসেসিং ফি বাদ দিয়ে অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

(খ) ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পরীক্ষার ফলাফল প্রাপ্ত সকল যোগ্য আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পাবে।

(গ) ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে সংরক্ষিত আসনের সকল যোগ্য আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

(ঘ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে এবং সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) দেয়া হবে। প্রার্থী নিজ দায়িত্বে তা জেনে নেবে।

**১০। ভর্তি পরীক্ষা গ্রহণের নিয়মাবলী:**

**(ক)** ২০২০ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে যে পাঠ্যসূচী নির্ধারিত ছিল তার উপর ভিত্তি করে গ্রুপ "ক" ও গ্রুপ "খ" এর জন্য **Multiple Choice Question (MCQ)** পদ্ধতিতে এবং গ্রুপ "খ" এর স্থাপত্য বিভাগের জন্য মুক্তহস্ত অংকন পরীক্ষা নিম্নোক্ত সময়সূচী মোতাবেক অনুষ্ঠিত হবে।

| | | | |
|---|---|---|---|
| **গ্রুপ "ক"** | গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী | **১২ জুন ২০২১ইং (শনিবার)** | সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা মোট ০২:৩০ ঘন্টা |
| **গ্রুপ "খ"** | গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী | | সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা মোট ০২:৩০ ঘন্টা |
| | মুক্তহস্ত অংকন | | দুপুর ১২:৪৫ ঘটিকা থেকে দুপুর ০১:৪৫ ঘটিকা মোট ০১:০০ ঘন্টা |

**(খ)** MCQ পরীক্ষায় ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে সংশ্লিষ্ট প্রশ্নসমূহের জন্য বরাদ্দ নম্বরের ২৫% কাটা হবে।

**(গ)** OMR Sheet এ একই প্রশ্নের উত্তরে একাধিক বৃত্ত ভরাট করলে ভুল উত্তর বলে গণ্য হবে।

**(ঘ)** OMR Sheet এ শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। বৃত্ত ভরাটের জন্য পেন্সিল, জেল পেন বা ফাউন্টেন পেন ব্যবহার করা যাবে না। মুক্তহস্ত অংকনের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে।

**(ঙ)** গ্রুপ **"খ"** এর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী বিষয়ের পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীগণ প্রশ্ন ও OMR Sheet জমা দিবে। এরপর একই আসনে মুক্তহস্ত অংকন দুপুর ১২:৪৫ ঘটিকায় শুরু হবে।

**(চ)** মোবাইল ফোন, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ নিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করা যাবে না।

**(ছ)** পরীক্ষার হলে অসুদপায় অবলম্বন বা কারো সাথে দুর্ব্যবহার করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না এবং পরীক্ষা শুরু হওয়ার পর ১ ঘন্টা অতিবাহিত না হলে পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবে না।

**(জ) ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর ঐ HSC/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও ডাউনলোডকৃত সমন্বিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের হার্ডকপি (Color Print) অবশ্যই সঙ্গে আনতে হবে।**

**(ঝ)** ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র কলম, পেন্সিল, ইরেজার (Eraser) ও ক্যালকুলেটর আনা যাবে। শুধুমাত্র নিম্নবর্ণিত ছকে উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। **সর্বোচ্চ ০২টি ক্যালকুলেটর** পরীক্ষার হলে ব্যবহার করা যাবে।

**List of Acceptable Calculators during Admission Test**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **CANON** | **F200** | **F401** | **F402** | **F500** | **F501** | **F502** |
| | **F601** | **F602** | **F604** | **F612** | **F720** | |
| **CASIO** | **FX82 SUPER** | **FX82MS** | | | | |
| | **FX100MS** | **FX100 ES** | **FX100 ES PLUS** | | | |
| | **FX115MS** | | | | | |
| | **FX570MS** | **FX570ES** | **FX570 ES PLUS** | **FX570W** | | |
| | **FX911MS** | **FX911S** | | | | |
| | **FX991D** | **FX991ES** | **FX991 ES PLUS** | **FX991H** | **FX991MS** | |
| | **FX992S** | **FX991EX** | | | | |
| **SHARP** | **EL506L** | **EL506R** | **EL506V** | **EL509G** | **EL509L** | **EL509R** |
| | **EL509V** | **EL510R** | **EL520G** | **EL520L** | | |
| | **EL531GH** | **EL531LH** | **EL531P** | **EL531RH** | **EL531V** | **EL531VB** |
| | **EL531VH** | **EL546G** | **EL546L** | **EL546R** | **EL546VA** | |
| | **EL553** | **EL556G** | **EL556L** | | | |
| **TEXAS INSTRUMENTS** | **BA REAL ESTATE** | **BA35SOLAR** | **BAIIPLUS** | | | |
| | **TI 25STAT** | **TI 30 Challenger** | **TI 30X** | **TI 30XA** | **TI 30X SOLAR** | **TI-30XIIS** |
| | **TI-30XIIB** | **TI 32 Xplorer PLUS** | **TI 34** | **TI 35X** | **TI 36 SOLAR** | **TI 36X SOLAR** |

**১১। ভর্তি সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচী:**

<table>
<tr><td>(ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু</td><td colspan="4">২৪ এপ্রিল ২০২১ইং সকাল ০৯:০০ টা থেকে</td></tr>
<tr><td>(খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ</td><td colspan="4">৮ মে ২০২১ইং বিকাল ০৫:০০ টা পর্যন্ত</td></tr>
<tr><td>(গ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্র সহ নামের তালিকা প্রকাশ</td><td colspan="4">২ জুন ২০২১ইং</td></tr>
<tr><td rowspan="3">(ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়<br>(গ্রুপ “ক” এবং গ্রুপ “খ” এর জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের উপর Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে এবং গ্রুপ “খ” এর স্থাপত্য বিভাগের জন্য মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।)</td><td>গ্রুপ “ক”</td><td>গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী</td><td rowspan="3">১২ জুন ২০২১ইং (শনিবার)</td><td>সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা<br>মোট ০২:৩০ ঘন্টা</td></tr>
<tr><td rowspan="2">গ্রুপ “খ”</td><td>গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী</td><td>সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:৩০ ঘটিকা<br>মোট ০২:৩০ ঘন্টা</td></tr>
<tr><td>মুক্তহস্ত অংকন</td><td>দুপুর ১২:৪৫ ঘটিকা থেকে দুপুর ০১:৪৫ ঘটিকা<br>মোট ০১:০০ ঘন্টা</td></tr>
<tr><td>(ঙ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাস্থান অনুযায়ী মেধাতালিকা প্রকাশ, বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ প্রকাশ</td><td colspan="4">৩০ জুন ২০২১ইং</td></tr>
<tr><td colspan="5">(চ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন ও ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রকাশ করা হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না।</td></tr>
</table>

**বিশেষ দ্রষ্টব্য:**

- ৮ মে ২০২১ইং, শনিবার বিকাল ৫.০০ টায় অনলাইনে আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। এরপর অনলাইনে আর কোন আবেদনপত্র Submit করা যাবে না।
- উপর্যুক্ত যে কোন বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে এবং ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদেরকে আলাদাভাবে কোন চিঠি ইস্যু করা হবে না। ভর্তি ও আসন সংক্রান্ত যাবতীয় তথ্য প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) পাওয়া যাবে।
- বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতির প্রেক্ষিতে ১১নং অনুচ্ছেদের ছকে বর্ণিত তারিখ ও সময়সূচীর পরিবর্তন হতে পারে। এ বিষয়ে সংশোধনী অথবা প্রয়োজনীয় তথ্যাদি সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রকাশ করা হবে।

**১২। বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্বাচনের নিয়মাবলী:**

(ক) মেধাতালিকার ভর্তিচ্ছু সকল প্রার্থীদের কাছ থেকে অনলাইনে সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissionckruet.ac.bd) এর মাধ্যমে **একবারই** পছন্দক্রম গ্রহণ করা হবে যা পরবর্তীতে আর কোনোভাবেই পরিবর্তন করা যাবে না। অনলাইনে পছন্দক্রম দেওয়ার **বিস্তারিত** নির্দেশনা ফলাফল প্রকাশের সময় ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে জানানো হবে।

(খ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত মেধাস্থান এবং প্রার্থীদের পছন্দক্রম অনুসারে ভর্তিকৃত প্রার্থীদের বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারণ করা হবে।

(গ) ভর্তির নিয়মাবলী মেনে মেধাতালিকা অনুযায়ী তিনটি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত দিনে সাধারণ প্রার্থীদের ও সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তি করানো হবে। ভর্তিকৃত প্রার্থীদের প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা পরবর্তী ভর্তির নির্ধারিত তারিখের আগেই জানিয়ে দেওয়া হবে।

(ঘ) এ পদ্ধতিতে আসন পূর্ণ না হওয়া সাপেক্ষে ওরিয়েন্টেশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিল জনিত কারণে কোনো আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে অটোমাইগ্রেশন চলবে।

(ঙ) যে প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েছে তাকে সে বিশ্ববিদ্যালয়েই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। প্রার্থী যে বিশ্ববিদ্যালয়েই ভর্তি হোক না কেন প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ অটোমাইগ্রেশন সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই ক্লাস শুরু করবে।

(চ) ভর্তিকৃত কোনো প্রার্থী ভর্তি বাতিল করতে চাইলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে ওরিয়েন্টেশনের আগের দিন পর্যন্ত ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় (যেই বিশ্ববিদ্যালয়ে ভর্তির কাগজপত্রাদি জমা দিয়েছে সেই বিশ্ববিদ্যালয়) হতে ভর্তি বাতিল করতে পারবে। তবে ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে চাইলে তা স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।

**১৩। ভর্তির নিয়মাবলীঃ**

প্রার্থীকে নিজে Online এ ভর্তির জন্য নির্ধারিত ফরম পূরণ করে Submit করতে হবে। ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় ও বিভাগের পছন্দক্রম Online Submission করার পর আর পরিবর্তন করা যাবে না।

**(ক) ভর্তির সময় জমা দিতে হবে**

- **i.** শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি. বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এবং ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- **ii.** মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
- **iii.** মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
- **iv.** উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
- **v.** উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র/সাময়িক সনদপত্রের মূলকপি/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।
- **vi.** সংরক্ষিত আসনে ভর্তির জন্য

  (ক) ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর বা উপজাতীয় সনদপত্রের মূল কপি।

  রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমান স্বরূপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ৩ (তিন) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে।

  অথবা

  (খ) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানের নিকট থেকে বান্দরবন জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্রের মূল কপি।
- **vii.** সদ্য তোলা (অনধিক ৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত ব্যতীত)।

**(খ)** প্রার্থীদের নিরীক্ষা কমিটি দ্বারা সনদপত্রের সত্যতা যাচাই এবং বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

**(গ)** স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে ভর্তি কমিটির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে মূল গ্রেডশীট এবং মূল/সাময়িক সনদপত্রসমূহ অবশ্যই দুই বছরের জন্য জমা দিতে হবে। কেবলমাত্র ভর্তি বাতিলক্রমে দুই বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরতযোগ্য।

**(ঘ)** নির্বাচিত প্রার্থীদের ভর্তি ও ক্লাশ শুরু সংক্রান্ত তথ্যাবলী ও বিজ্ঞপ্তি জানানোর জন্য আলাদাভাবে কোন প্রকার চিঠি পাঠানো হবে না। প্রার্থী নিজ দায়িত্বে ভর্তি ও পরবর্তীতে ক্লাশ শুরু সম্বন্ধে সকল তথ্য জেনে নেবে। এতদসংক্রান্ত যাবতীয় তথ্য প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) পাওয়া যাবে।

**১৪। বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়াঃ**

ভর্তিচ্ছু বিদেশী শিক্ষার্থীদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করতে হবে।

**১৫। ভর্তি/ভর্তির যোগ্যতা বাতিলঃ**

(ক) কোন ভুল তথ্য ছাত্রত্ব থাকাকালীন যে কোন সময় ধরা পড়লে এবং প্রমানিত হলে ভর্তি বাতিল হবে।
(খ) প্রার্থীর জন্য ভর্তির নির্ধারিত দিনে উপস্থিত না হলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।
(গ) নির্ধারিত ফি প্রদান করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্য কারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।

**১৬। স্বাস্থ্য পরীক্ষাঃ**

প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে সে বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড নির্ধারিত ফি জমা প্রদান সাপেক্ষে ভর্তি কমিটি কর্তৃক ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে **Blood Group Test** এবং **Chest X-ray** এর রিপোর্ট নিয়ে আসতে হবে এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত চিকিৎসা বোর্ডের নিকট জমা দিতে হবে। প্রয়োজনবোধে ভর্তির নিমিত্তে গঠিত চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট মেডিক্যাল বোর্ডের নির্দেশনা মোতাবেক জমা করতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admissionckruet.ac.bd) থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক রিপোর্টসহ ভর্তির দিন জমা দিতে হবে।

**১৭। সংরক্ষিত আসনঃ**

তিনটি বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত ছক অনুযায়ী ভর্তির জন্য আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনে ভর্তির জন্য অনুচ্ছেদ-৫(গ) এ বর্ণিত মেধাক্রম অনুসারে যোগ্যতা থাকতে হবে। ভর্তির জন্য অন্য কোন ধরনের আসন সংরক্ষিত নেই।

| | **চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহ ও অন্যান্য এলাকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী** | **বান্দরবন জেলা** | **রাখাইন সম্প্রদায়** |
|---|---|---|---|
| **চুয়েট** | ১০ | - | ১ |
| **কুয়েট** | ৪ | ১ | - |
| **রুয়েট** | ৪ | ১ | - |

**১৮। আবাসিক হলের আসনঃ**

স্নাতক **১**ম বর্ষ/লেভেল-**১** এ ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য হলে আসন প্রাপ্তির সম্ভাবনা নাই। সেক্ষেত্রে সকল শিক্ষার্থীকে নিজ দায়িত্বে থাকার ব্যবস্থা করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

i) বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে।

ii) ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১) এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


iii) ক্লাশ শুরুর পর স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী শিক্ষার্থীকে তার শিক্ষা কার্যক্রম চালিয়ে যেতে হবে।

iv) কোভিড-**১৯** পরিস্থিতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হলে সরকারী নির্দেশনা মোতাবেক সকল প্রকার স্বাস্থ্যবিধি মেনে ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে হবে।

**১৯।** ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।



**(অধ্যাপক ড. মোঃ রবিউল আলম)**
**সভাপতি**
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা



**(অধ্যাপক ড. মোঃ মইনুল ইসলাম)**
**সদস্য-সচিব**
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা